

সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

কর্মচারী কল্যাণ ও যানবাহন বিভাগ
(কল্যাণ শাখা)

ককওয়াবি/কল্যাণ/বিঃফান্ড/পদক ও বৃত্তি/পরিপত্র-৪০
প্রধান কার্যালয় পরিপত্র নং-৫০৭

তারিখ : ০৪ ভাদ্র, ১৪২০ বঙ্গাব্দ
১৯ আগষ্ট, ২০১৩ খ্রীষ্টাব্দ

সকল অফিস ও শাখা সমূহ,
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ/ভারত/যুক্তরাষ্ট্র/যুক্তরাজ্য।

বিষয় : সোনালী ব্যাংক লিমিটেড এমপণ্ডরীজ বিনেভলেন্ট ফান্ড হতে অত্র ব্যাংকে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের মেধাবী সন্তানদের ২০১৩ সালের 'সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদক', 'ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও পদক' এবং 'সাধারণ বৃত্তি' এর জন্য আবেদনপত্র আহবান।

প্রিয় মহোদয়,

অত্র বিভাগ হতে জারীকৃত প্রধান কার্যালয় পরিপত্র নং-৩৯৭ তারিখ ২৫ জুলাই, ২০১২ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত পরিপত্রে বর্ণিত নীতিমালার আলোকে সোনালী ব্যাংক লিমিটেড এমপণ্ডরীজ বিনেভলেন্ট ফান্ড হতে ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের মেধাবী সন্তানদের ২০১৩ সালের জন্য সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদক, ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও পদক এবং সাধারণ বৃত্তি প্রদানের নিমিত্তে আবেদনপত্র আহবান করার জন্য কর্তৃপক্ষ অনুমোদন দিয়েছেন।

একজন ছাত্র/ছাত্রীর জন্য নিম্নোক্ত ক, খ, ও গ এর যে কোন একটির আবেদনপত্র অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

ক) সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদক :

ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের সন্তান যারা ২০১৩ সালে যে কোন শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট হতে সকল বিভাগে এস,এস,সি এবং এইচ,এস,সি বা সমমানের পরীক্ষায় সকল বিষয়ে (৪র্থ বিষয়সহ) 'এ+' অর্থাৎ জিপিএ ৫.০০(গোল্ডেন) অর্জন করেছে তারা 'সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদক' এর জন্য মনোনীত হবে। এ লক্ষ্যে এসএসসি বা সমমানের পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীদেরকে এককালীন ৪,৫০০.০০ (চার হাজার পাঁচশত)টাকার প্রাইজবন্ড, প্রত্যেককে একটি করে প্রতিকী মেডেল ও সনদপত্র এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীদেরকে এককালীন ৯,০০০.০০ (নয় হাজার) টাকার প্রাইজবন্ড, প্রত্যেককে একটি করে প্রতিকী মেডেল ও সনদপত্র প্রদান করা হবে। এ জন্য পরিপত্রের সংগে সংযুক্ত 'ক' ফরম অনুযায়ী আবেদন করতে হবে। আবেদনপত্রের সংগে ১(এক) কপি প্রশংসা পত্র এবং ১(এক) কপি শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত একাডেমিক ট্রান্সক্রিপ্ট সত্যায়িত করে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

খ) ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও পদক :

ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের সন্তান যারা ২০১৩ সালে যে কোন শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট হতে সকল বিভাগে এস,এস,সি এবং এইচ,এস,সি বা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয় বিবেচনায় এনে 'এ+' অর্থাৎ জিপিএ ৫.০০ অর্জন করেছে তারা 'ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও পদক' এর জন্য মনোনীত হবে। এ লক্ষ্যে এসএসসি বা সমমানের পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীদেরকে এককালীন ৩,৫০০.০০ (তিন হাজার পাঁচশত)টাকার প্রাইজবন্ড, প্রত্যেককে একটি করে প্রতিকী মেডেল ও সনদপত্র এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীদেরকে এককালীন ৭,০০০.০০ (সাত হাজার)টাকার প্রাইজবন্ড, প্রত্যেককে একটি করে প্রতিকী মেডেল ও সনদপত্র প্রদান করা হবে। এ জন্য পরিপত্রের সংগে সংযুক্ত 'খ' ফরম অনুযায়ী আবেদন করতে হবে। আবেদনপত্রের সংগে ১(এক) কপি প্রশংসা পত্র এবং ১(এক) কপি শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত একাডেমিক ট্রান্সক্রিপ্ট সত্যায়িত করে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

গ) সাধারণ বৃত্তি :

ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের সন্তান যারা ২০১৩ সালে যে কোন শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট হতে সকল বিভাগে এস,এস,সি এবং এইচ,এস,সি বা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয় বিবেচনায় এনে জিপিএ ৪.৫০ অর্জন করেছে তারা 'সাধারণ বৃত্তির' জন্য মনোনীত হবে। এ ক্ষেত্রে এসএসসি বা সমমানের পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীদেরকে এককালীন ২,৫০০.০০ (দুই হাজার পাঁচশত)টাকার প্রাইজবন্ড এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীদেরকে এককালীন ৫,০০০.০০ (পাঁচ হাজার)টাকার প্রাইজবন্ড 'সাধারণ বৃত্তি' বাবদ প্রদান করা হবে। এ জন্য পরিপত্রের সংগে সংযুক্ত 'গ' ফরম অনুযায়ী আবেদন করতে হবে। আবেদনপত্রের সংগে ১(এক) কপি প্রশংসা পত্র এবং ১(এক) কপি শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত একাডেমিক ট্রান্সক্রিপ্ট সত্যায়িত করে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

উল্লেখ্য যে,

- ১) কেবলমাত্র অত্র ব্যাংকে কর্মরত স্থায়ী কর্মকর্তা-কর্মচারীগণ (যাদের বেতন হতে বিনেভলেন্ট ফান্ডের মাসিক চাঁদা কর্তন করা হয়) আবেদন করতে পারবেন।
- ২) কর্মকর্তা-কর্মচারীগণের যে সকল সন্তান ২০১৩ সালে যে কোন শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট হতে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র সে সকল সন্তানের জন্য আবেদন করতে পারবেন।
- ৩) স্বামী ও স্ত্রী উভয়ে অত্র ব্যাংকে চাকুরীরত হলে তাঁদের সন্তানদের পদক ও বৃত্তির জন্য যে কোন একজনকে আবেদন করতে হবে। স্বামী ও স্ত্রী দু'জনে আবেদন করলে উভয়ের আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৪) পূর্ববর্তী বছরের আবেদন গ্রহণযোগ্য নয়। এ ব্যাপারে শাখা প্রধানকে বিশেষভাবে সতর্ক থাকার পরামর্শ দেয়া যাচ্ছে।
- ৫) মৃত কর্মকর্তা-কর্মচারীর প্রতিনিধির আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য নয়।
- ৬) বাংলাদেশে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের বিদেশে অধ্যয়নরত সন্তানদের জন্য আবেদন গ্রহণযোগ্য নয়। তবে বিদেশে কর্মরত অত্র ব্যাংকের স্থায়ী কর্মকর্তা-কর্মচারীগণের বিদেশে অধ্যয়নরত সন্তানদের জন্য আবেদন করা যাবে।
- ৭) বৃত্তির ক্ষেত্রে দুই সন্তানের অধিক সন্তানের জন্য আবেদন করা যাবে না। যদি কেহ আবেদন করে থাকেন তবে তার দায় দায়িত্ব শাখা/অফিস প্রধানের উপর বর্তাবে।
- ৮) একের অধিক সন্তানের জন্য আলাদা আবেদন করতে হবে। অর্থাৎ একটি ফরমে মাত্র একজন সন্তানের জন্য আবেদন করা যাবে।
- ৯) অসম্পূর্ণ আবেদনপত্র বিবেচনায় আনা হবে না।
- ১০) আবেদনপত্রে সন্তানের নাম, পিতা ও মাতার নাম বাংলা ও ইংরেজীতে (Block Letter) লিখতে হবে।

নিয়মাবলী :

- ১.০০ : জেনারেল ম্যানেজার'স অফিসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের সন্তানদের পদক ও বৃত্তির আবেদনপত্রগুলি জেনারেল ম্যানেজার'স অফিস প্রধান, প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় ও তার নিয়ন্ত্রনাধীন শাখা সমূহের আবেদনপত্রগুলি প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় প্রধান এবং কর্পোরেট শাখাসমূহের আবেদনপত্রগুলি কর্পোরেট শাখা প্রধানের সুপারিশ ও সীলসহ স্বাক্ষর করে প্রেরণ করতে হবে।
- ২.০০ : প্রধান কার্যালয়ের ক্ষেত্রে আবেদনপত্রগুলি স্ব-স্ব বিভাগীয় প্রধানের সুপারিশ ও সীলসহ স্বাক্ষর করে প্রেরণ করতে হবে।
- ৩.০০ : একাডেমিক ট্রান্সক্রীপ্ট এবং প্রশংসাপত্র প্রত্যেকটির ১ (এক) কপি সত্যায়িত করে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।
- ৪.০০ : পিআরএল ভোগরত কর্মকর্তা/কর্মচারীদের আবেদন করার কোন সুযোগ নেই।
- ৫.০০ : জেনারেল ম্যানেজার'স অফিস/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা/প্রধান কার্যালয়ের পদক ও বৃত্তির আবেদনগুলি একত্র করে একটি Forwarding Letter এর মাধ্যমে ডেপুটি জেনারেল ম্যানেজার, কর্মচারী কল্যাণ ও যানবাহন বিভাগ (কল্যাণ শাখা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা এর বরাবরে আগামী ২০/১০/২০১৩ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।
- ৬.০০ : উল্লেখিত পদক ও বৃত্তি সোনালী ব্যাংক লিমিটেড এমপ্লয়ীজ বিনেভলেন্ট ফান্ড-এর নিয়ম মোতাবেক প্রদান করা হবে। উল্লেখ্য যে, কোন আবেদনপত্র মঞ্জুর করা বা না করা সম্পূর্ণরূপে কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত। আবেদনপত্রগুলি নির্ভুলভাবে পূরণ করে প্রয়োজনীয় সীল স্বাক্ষর দিয়ে আনুসাংগিক কাগজপত্র/সনদপত্রাদিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অবশ্যই উপরে উল্লেখিত কর্মকর্তার নিকট পৌঁছাতে হবে। আবেদন পত্র জমা দেয়ার নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বিবেচনায় আনা হবে না।

আপনাদের বিশ্বস্ত

(আ. ন. ম. মাসরুরুল হুদা সিরাজী)
জেনারেল ম্যানেজার

(হেলালউদ্দিন আহমেদ)
ডেপুটি জেনারেল ম্যানেজার

সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদক-২০১৩

সোনালী ব্যাংক লিমিটেড
শাখা/অফিস.....

যে কোন শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট হতে সকল বিভাগে যারা ২০১৩ সনে এস,এস,সি এবং এইচ,এস,সি বা সমমানের পরীক্ষায় সকল বিষয়ে (৪র্থ বিষয়সহ) 'এ+' অর্থাৎ জিপিএ ৫.০০ (গোল্ডেন) অর্জন করেছে তাদের জন্য সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদক এর আবেদন পত্র।

১(এক) কাঁপ টাইপে/নিজ হস্তে পূরণ করতে হবে।

- ১) জেলা (কর্মস্থল) :.....
- ২) নিজ জেলা (জন্মস্থান বা স্থায়ী বাসস্থান) :.....

১.০০ : ছাত্র/ছাত্রীর নাম

(ক) বাংলায় :

(খ) ইংরেজীতে (Block Letter) :

২.০০ : ছাত্র/ছাত্রীর পিতার নাম

ক) বাংলায় :

খ) ইংরেজীতে (Block Letter) :

৩.০০ : ছাত্র/ছাত্রীর মাতার নাম

ক) বাংলায় :

খ) ইংরেজীতে (Block Letter) :

৪.০০ : আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীর নাম :

৫.০০ : পদবী :

৬.০০ : চাকুরীতে যোগদানের তারিখ :

৭.০০ : মূল বেতন :

৮.০০ : বর্তমান কর্মস্থল :

৯.০০ : ফোন/মোবাইল নং :

১০.০০ : যে সন্তানের জন্য সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদকের আবেদন করা হলো তার বিবরণ :

সন্তানের নাম	স্কুল/কলেজের নাম	পরীক্ষার নাম ও পাশের সন	প্রাপ্ত জিপিএ(একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্র) সংযুক্ত করতে হবে)।

আমি অঙ্গীকার করছি যে, উপরোক্ত সমস্ত বিবরণ সম্পূর্ণ সত্য এবং ইতোপূর্বে আমি একের অধিক সন্তানের জন্য বৃত্তির সুবিধা গ্রহন করিনি। উক্ত অঙ্গীকারের ব্যতিক্রম হলে যে কোন পরিস্থিতির জন্য দায়ী থাকব।

কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর :

বাংলা

ইংরেজী.....

শাখা/কর্পোরেট শাখা/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/জেনারেল ম্যানেজার'স অফিস ও প্রধান কার্যালয়ের বিভাগীয় প্রধানদের
জন্য :

আমি/আমরা প্রত্যয়ন করছি যে, উপরোক্ত কর্মকর্তা/কর্মচারীর বক্তব্য সত্য। তার সন্তানকে সোনালী ব্যাংক লিমিটেড এমপ্লয়াজ
বিনেভলেন্ট ফান্ড হতে সোনালী ব্যাংক লিমিটেড চেয়ারম্যান পদক প্রদানের সুপারিশ করা হলো।

ব্যবস্থাপক

কর্পোরেট শাখা /প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক
কার্যালয়/ জেনারেল ম্যানেজার'স অফিস প্রধান।

বিভাগীয় প্রধান
(প্রধান কার্যালয়ের জন্য)

ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও পদক-২০১৩

সোনালী ব্যাংক লিমিটেড
শাখা/অফিস.....

যে কোন শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট হতে সকল বিভাগে যারা-২০১৩ সনে এস,এস,সি এবং এইচ,এস,সি বা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয় বিবেচনায় এনে 'এ+' অর্থাৎ জিপিএ ৫.০০ অর্জন করেছে তাদের জন্য ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও পদক এর আবেদন পত্র।

১(এক) কপি টাইপে/নিজ হস্তে পূরণ করতে হবে।

- ১) জেলা (কর্মস্থল) :.....
- ২) নিজ জেলা (জন্মস্থান বা স্থায়ী বাসস্থান) :.....

১.০০ : ছাত্র/ছাত্রীর নাম

- (ক) বাংলায় :
(খ) ইংরেজীতে (Block Letter) :

২.০০ : ছাত্র/ছাত্রীর পিতার নাম

- ক) বাংলায় :
খ) ইংরেজীতে (Block Letter) :

৩.০০ : ছাত্র/ছাত্রীর মাতার নাম

- ক) বাংলায় :
খ) ইংরেজীতে (Block Letter) :

৪.০০ : আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীর নাম :

৫.০০ : পদবী :

৬.০০ : চাকুরীতে যোগদানের তারিখ :

৭.০০ : মূল বেতন :

৮.০০ : বর্তমান কর্মস্থল :

৯.০০ : ফোন/মোবাইল নং :

১০.০০ : যে সন্তানের জন্য ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও পদকের আবেদন করা হলো তার বিবরণ :

সন্তানের নাম	স্কুল/কলেজের নাম	পরীক্ষার নাম ও পাশের সন	প্রাপ্ত জিপিএ(একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্র) সংযুক্ত করতে হবে)।

আমি অঙ্গীকার করছি যে, উপরোক্ত সমস্ত বিবরণ সম্পূর্ণ সত্য এবং ইতোপূর্বে আমি একের অধিক সন্তানের জন্য বৃত্তির সুবিধা গ্রহণ করিনি। উক্ত অঙ্গীকারের ব্যতিক্রম হলে যে কোন পরিস্থিতির জন্য দায়ী থাকব।

কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর :
বাংলা
ইংরেজী.....

শাখা/কর্পোরেট শাখা/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় জেনারেল ম্যানেজার'স অফিস ও প্রধান কার্যালয়ের বিভাগীয় প্রধানদের জন্য :

আমি/আমরা প্রত্যয়ন করছি যে, উপরোক্ত কর্মকর্তা/কর্মচারীর বক্তব্য সত্য। তার সন্তানকে সোনালী ব্যাংক লিমিটেড এমপয়াজ বিনেভলেন্ট ফান্ড হতে ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও পদক প্রদানের সুপারিশ করা হলো।

ব্যবস্থাপক

কর্পোরেট শাখা /প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক
কার্যালয়/জেনারেল ম্যানেজার'স অফিস প্রধান।

বিভাগীয় প্রধান
(প্রধান কার্যালয়ের জন্য)

সাধারণ বৃত্তি-২০১৩

সোনালী ব্যাংক লিমিটেড
শাখা/অফিস.....

যে কোন শিক্ষা বোর্ড/ইনস্টিটিউট হতে সকল বিভাগে যারা-২০১৩ সনে এস,এস,সি এবং এইচ,এস,সি বা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয় বিবেচনায় এনে জিপিএ ৪.৫০ অর্জন করেছে তাদের জন্য সাধারণ বৃত্তি এর আবেদন পত্র।

১(এক) কপি টাইপে/নিজ হস্তে পূরণ করতে হবে।

- ১) জেলা (কর্মস্থল) :.....
- ২) নিজ জেলা (জন্মস্থান বা স্থায়ী বাসস্থান) :.....

১.০০ : ছাত্র/ছাত্রীর নাম

- (ক) বাংলায় :
(খ) ইংরেজীতে (Block Letter) :

২.০০ : ছাত্র/ছাত্রীর পিতার নাম

- ক) বাংলায় :
খ) ইংরেজীতে (Block Letter) :

৩.০০ : ছাত্র/ছাত্রীর মাতার নাম

- ক) বাংলায় :
খ) ইংরেজীতে (Block Letter) :

৪.০০ : আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীর নাম :

৫.০০ : পদবী :

৬.০০ : চাকুরীতে যোগদানের তারিখ :

৭.০০ : মূল বেতন :

৮.০০ : বর্তমান কর্মস্থল :

৯.০০ : ফোন/মোবাইল নং :

১০.০০ : যে সন্ধানের জন্য সাধারণ বৃত্তির আবেদন করা হলো তার বিবরণ :

সন্তানের নাম	স্কুল/কলেজের নাম	পরীক্ষার নাম ও পাশের সন	প্রাপ্ত জিপিএ(একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্র) সংযুক্ত করতে হবে)।

আমি অঙ্গীকার করছি যে, উপরোক্ত সমস্ত বিবরণ সম্পূর্ণ সত্য এবং ইতোপূর্বে আমি একের অধিক সন্তানের জন্য বৃত্তির সুবিধা গ্রহণ করিনি। উক্ত অঙ্গীকারের ব্যতিক্রম হলে যে কোন পরিস্থিতির জন্য দায়ী থাকব।

কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর :
বাংলা
ইংরেজী.....

শাখা/কর্পোরেট শাখা/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/ জেনারেল ম্যানেজার'স অফিস ও প্রধান কার্যালয়ের বিভাগীয় প্রধানদের জন্য :

আমি/আমরা প্রত্যয়ন করছি যে, উপরোক্ত কর্মকর্তা/কর্মচারীর বক্তব্য সত্য। তার সন্তানকে সোনালী ব্যাংক লিমিটেড এমপ্লয়ীজ বিনেভলেন্ট ফান্ড হতে সাধারণ বৃত্তি প্রদানের সুপারিশ করা হলো।

ব্যবস্থাপক

কর্পোরেট শাখা /প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক
কার্যালয়/ জেনারেল ম্যানেজার'স অফিস প্রধান।

বিভাগীয় প্রধান
(প্রধান কার্যালয়ের জন্য)